আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**07 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) নির্বাচন কমিশনের আসামের দুটি আসন সহ ন'টি রাজ্যের বারোটি রাজ্যসভার আসনের জন্য নির্বাচনের সূচী ঘোষণা/

(২) বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সীমান্ত নিয়ে আসাম সরকার যথেষ্ট সতর্কতা অবলম্বন করেছে এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য/

(৩) প্যারিস অলিম্পিকের মহিলা মল্লযোদ্ধা বিনেশ ফোগতকে সামান্য পরিমাণ ওজন বৃদ্ধির প্রেক্ষিতে ৫০ কিলোগ্রাম ওজন শাখার ফ্রি স্টাইল প্রতিযোগিতায় অযোগ্য ঘোষণা/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভারতীয় অলিম্পিক সংস্থার অধ্যক্ষকে খেলোয়াড়কে সহায়তা করার বিকল্প ব্যবস্থার সন্ধান দেওয়ার নির্দেশ/

এবং

(৪) কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস উপলক্ষে বরাক উপত্যকার তিন জেলায় বিভিন্ন কার্যসূচী পালন/

---------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন আসামের দুটি আসন সহ ৯টি রাজ্যের ১২ টি রাজ্যসভা আসনের নির্বাচনের সূচী ঘোষনা করেছে ।আসামের সর্বানন্দ সনোয়াল ও কামাখ্যা প্রসাদ তাসা সম্প্রতি লোকসভায় নির্বাচিত হওয়ায় শূণ্য হওয়া আসন দুটির জন্য নির্বাচন অনুষ্ঠিত

হবে । আগামী ১৪ আগস্ট নির্বাচনের বিজ্ঞপ্তি জারী করা হবে । ইচ্ছুক প্রার্থী ২১ আগস্ট পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করতে পারবেন এবং ২২ আগস্ট মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে । মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ২৬ আগস্ট এবং ২৭ শে আগস্ট ধার্য করা হয়েছে ।  আগামী তেসরা সেপ্টেম্বর নির্বাচন অনুষ্ঠিত হবে ।

--------------------------------------------------------------------------------

বাংলাদেশে চলতে থাকা সাম্প্রতিক অশান্ত পরিস্থিতিতে সেদেশের সেনাবাহিনীর শীর্ষ পর্যায়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন করার পর দেশটির নতুন প্রশাসন পুলিশ বাহিনীকেও পুর্নগঠন করেছে । নতুন দায়িত্ব গ্রহণ করা প্রশাসন, অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক মহম্মদ হারুণ আর রশিদের স্থলে এ কে এম সাহিদুর রহমানকে নিযুক্তি দিয়েছে । অন্যদিকে মহম্মদ মইনুল হাসানকে ঢাকা পুলিশের নতুন আয়ুক্ত হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে ।

এর আগে বাংলাদেশের রাষ্ট্রপতি মহম্মদ সাহাবুদ্দিন নোবেল পুরস্কার প্রাপ্ত মহম্মদ ইউনুসকে অর্ন্তবর্তীকালীন সরকারের প্রধান হিসেবে নিয়োগ করেছেন । ঢাকার রাষ্ট্রপতি ভবনে গতকাল সেনাবাহিনীর তিনটি শাখার প্রধান এবং ছাত্র আন্দোলনের ১৩ সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । রাষ্ট্রপতির প্রেস সচিব মহম্মদ জয়নাল আবেদিন গতরাতে সংবাদ মাধ্যমকে জানান যে- বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে আলোচনার পর অর্ন্তবর্তীকালীন সরকারের অন্যান্য সদস্যের নাম চূড়ান্ত করা হবে। রাষ্ট্রপতি সংসদ ভঙ্গ করে দিয়েছেন । এদিকে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতারা ৮৪ বছরের ইউনুস অর্ন্তবর্তীকালীন সরকারের প্রধানের দায়িত্ব নিতে সম্মত হয়েছেন বলে জানিয়েছে। উল্লেখ্য- ইউনুস গ্রামীণ ব্যাংকের মাধ্যমে দারিদ্রের বিরুদ্ধে চালানো অভিযানের জন্যে ২০০৬ সালে শান্তির জন্য নোবেল পুরস্কার লাভ করেন । এদিকে বাংলাদেশ ন্যাশনেলিস্ট পার্টি (বি এন পি)’র প্রধান তথা প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে গৃহবনীত্ব থেকে মুক্তি দেওয়া হয়েছে ।

এদিকে বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে আসাম সরকার উদ্বেগ প্রকাশ করেছে । দেশের প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে শেখ হাসিনা ভারতে আসার পরই গতকাল বাংলাদেশের সঙ্গে সংলগ্ন আসামের জেলাগুলির আয়ুক্ত ও পুলিশ সুপারদের সঙ্গে রাজের মুখ্য সচিব এবং রাজ্য পুলিশের সঞ্চালক প্রধান বৈঠকে মিলিত হন । ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে অনুসঠিত এই বৈঠকে কাছাড়, করিমগঞ্জ, গোয়ালপাড়া, মানকাচর এবং ধুবরী জেলার লাভ করেন । এদিকে বাংলাদেশ ন্যাশনেলিস্ট পার্টি (বি এন পি)’র প্রধান তথা প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে গৃহবনীত্ব থেকে মুক্তি দেওয়া হয়েছে ।

এছাড়া বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির পর সেদেশের সঙ্গে থাকা রাজ্যের সীমান্ত নিয়ে আসাম সরকার যথেষ্ট সতর্কতা অবলম্বন করেছে এবং পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা মন্তব্য করেছেন । বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে আসাম সরকার উদ্বেগ প্রকাশ করেছে। দেশের প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে শেখ হাসিনা ভারতে আসার পরই গতকাল বাংলাদেশের সঙ্গে সংলগ্ন আসামের জেলাগুলির আয়ুক্ত ও পুলিশ সুপারদের সঙ্গে রাজের মুখ্য সচিব এবং রাজ্য পুলিশের সঞ্চালক প্রধান বৈঠকে মিলিত হন । ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে অনুসঠিত এই বৈঠকে কাছাড়, করিমগঞ্জ, গোয়ালপাড়া, মানকাচর এবং ধুবরী জেলার আয়ুক্ত ও পুলিশ সুপারদের সীমান্তে যাতে কোনো ধরণের অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি না হয়, তারজন্যে বিহিত ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছেন ।

-----------------------------------------------------------------------------

এদিকে প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশে সৃষ্টি হওয়া হিংসাত্মক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ঢাকায় থাকা ভারতীয় হাইকমিশন সেদেশে বসবাসকারী ভারতীয়দের জন্য জরুরি পরামর্শ জারী করেছে । কমিশন সেদেশের ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে ভারতীয় সম্প্রদায়ের সদস্য ও ছাত্রছাত্রীদের স্থানীয় এলাকাগুলিতে ভ্রমণ করার থেকে বিরত থাকা সহ নিজেদের বাসস্থান থেকে অত্যন্ত প্রয়োজন না হলে না বেরোনোর পরামর্শ দিয়েছে । কমিশন একইসঙ্গে জরুরি অবস্থা বা যেকোনোধরণের সহায়তার জন্য ভারতীয় হাইকমিশন এবং সহকারী হাইকমিশনের ২৪ ঘন্টা সক্রিয় থাকা জরুরিকালীন নম্বরে যোগাযোগ করার পরামর্শ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------

মণিপুর সরকার বাংলাদেশ থেকে অবৈধ অনুপ্রবেশ রোধ করতে সেই রাজ্যের ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের ফেরজল ও জিরিবাম জেলায় নৈশ সান্ধ্য আইন জারি করেছে । উভয় জেলা ম্যাজিস্ট্রেট এসম্পর্কে নিষেধাজ্ঞা জারি করেছেন । এর অধীনে আগ্নেয়াস্ত্র ,দা-তরোয়াল ,লাঠী ইত্যাদি সব ধরণের ধারালো অস্ত্র জাতীয় সামগ্রী বহন করতে নিষেধ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------

নাগরিক অধিকার সুরক্ষা সমিতি আসামের পক্ষ থেকে বাংলাদেশে সংঘটিত হিংসাত্মক ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এই ঘটনার তীব্র নিন্দা জানানো হয়েছে । সেইসঙ্গে সমিতি বর্তমান সঙ্কটের সময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ভারত সরকারের কাছে আবেদন জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শৰ্মা আজ গোলাঘাট জেলার দেড়গাঁওয়ে লাচিত বরফুকন পুলিশ একাডেমীতে আসাম বন সুরক্ষা বাহিনীর কনস্টেবল দীক্ষান্ত সমারোহে অংশগ্রহণ করেন । তিনি এই সমারোহে ৯৮১ জন বন সুরক্ষা বাহিনীর কনস্টেবলকে দীক্ষান্ত প্রমাণ পত্র প্রদান করেন । এই অনুষ্ঠানে পরিবেশ ও বন মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী ,পুলিশ সঞ্চালক প্রধান জি পি সিং সহ বেশকয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন । বন ও বন্যপ্রাণী সুরক্ষার ক্ষেত্রে দৃঢ় পদক্ষেপ গ্রহণের অংশ হিসেবে প্রথমবারের জন্য এই দীক্ষান্ত সমারোহের আয়োজন করা হয়েছিলো । বন সুরক্ষা বাহিনীতে জওয়ান নিযুক্তির সংখ্যা ১২০ শতাংশ পর্যন্ত বৃদ্ধি করার ফলে জওয়ানের সংখ্যা ৭৮৪ থেকে এক হাজার ৭২৪ জন হয়েছে । এরমধ্যে ৯০ জন মহিলা । এদিকে তৃতীয় আসাম বন সুরক্ষা বাহিনী ব্যাটেলিয়ন সম্পূর্ণভাবে নবনিযুক্ত জওয়ানদের নিয়ে গঠন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ দশম জাতীয় হস্ততাঁত দিবস উদযাপন করা হয়েছে । এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে আজ আয়োজিত একটি অনুষ্ঠানে উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর অংশগ্রহণ করেন । এদিকে দশম জাতীয় হস্ততাঁত দিবস উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে সমগ্র দেশের হস্তশিল্পের সমৃদ্ধশালী ঐতিহ্য এবং পরম্পরাকে নিয়ে তিনি গর্ব অনুভব করেন । ভোকেল ফর লোকাল ভাবধারার প্রতি দায়বদ্ধতাকে স্মরণ করে দেশবাসী দেশের হস্তশিল্পীদের কর্মকুশলতার পরামর্শ প্রদান করে আসছে বলেও শ্রী মোদী মত প্রকাশ করেন ।

আসামেও হস্ততাঁত বস্ত্রশিল্প ও রেশম সঞ্চালকালয়ের উদ্যোগে আজ দশম জাতীয় হস্ততাঁত দিবস উদযাপন করা হয়েছে । খানাপাড়ার অসম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে আয়োজিত এই দিবসের কার্যসূচীতে রাজ্যসরকারের মন্ত্রী উর্খাও ব্রহ্ম এবং জয়ন্ত বল্লবরুয়া সহ পদ্মশ্রী তথা আসাম গৌরব পুরস্কার প্রাপ্ত তাঁত শিল্পী হেমপ্রভা চুতীয়া অংশগ্রহণ করেন । এছাড়াও বেশকয়েকজন বিশিষ্ট ব্যাক্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------

আসাম সফররত আকাশবানীর সঞ্চালক প্রধান মৌসুমী চক্রবর্তী আজ রাজ্যের মুখ্য সচিব ডঃ রবি কোটা'র সঙ্গে সাক্ষাৎ করে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছেন । এই সাক্ষাৎকালে শ্রীমতি চক্রবর্তী মুখ্য সচিব ডঃ কোটাকে আকাশবাণী সংবাদ বিভাগের 'আকাশীবার্তা' শীর্ষক স্মরণিকাটি উপহার হিসেবে প্রদান করেন । উল্লেখ্য-

আকাশবাণীর সঞ্চালক হিসেবে দায়িত্ব গ্রহণের পর প্রথমবারের জন্য আসামে আসা শ্রীমতি চক্রবর্তী গতকাল আকাশবাণী গুয়াহাটিতে এসে ঐ কেন্দ্রের আঞ্চলিক সংবাদ বিভাগ এবং অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে মিলিত হন । তিনি একইসঙ্গে ঐ কেন্দ্রের আঞ্চলিক সংবাদ বিভাগের নতুনরূপে সাজিয়ে তোলা কক্ষেরও উদ্বোধন করেন ।

-----------------------------------------------------------------------------------

ভারতের জন্যে দুর্ভাগ্যজনক একটি ঘটনায় প্যারিস অলিম্পিকের মহিলা মল্লযোদ্ধা বিনেশ ফোগত'কে সামান্য পরিমাণ ওজন বৃদ্ধির পরিপ্রেক্ষিতে আজ অনুষ্ঠেয় ৫০ কিলোগ্রাম শাখার ফ্রি স্টাইল প্রতিযোগিতার জন্যে অযোগ্য ঘোষণা করা হয়েছে । অলিম্পিকের ইতিহাসে মহিলা মল্লযুদ্ধে প্রথমবারের জন্য ফাইনালে প্রবেশ করা দেশের এই মহিলা মল্লযোদ্ধার আজ এই প্রতিযোগিতার জন্য ফাইনালে অবতীর্ণ হবার কথা ছিল ।

এদিকে ভারতীয় অলিম্পিক সংস্থা আজ এক বিবৃতিতে জানিয়েছে যে- গতরাত্রে সবধরণের প্রচেষ্টা গ্রহণের পরও ফোগতের ওজন আজ সকালের দিকে ৫০ কিলোগ্রাম থেকে কয়েক গ্রাম বেশি থাকে । উল্লেখ্য- এর আগে বিনেশ ফোগত বিশ্বের প্রথম স্থান অধিকারী খেলোয়াড় তথা ২০২০'এর টোকিও অলিম্পিকের চূড়ান্ত বিজয়ী জাপানের য়ুয়ি সুজাকীকে পরাজিত করে প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনালে প্রবেশ করে ।

অন্যদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় বিনেশ ফোগতকে অযোগ্য ঘোষণা করার খবরে তিনি অত্যন্ত মর্মাহত বলে মন্তব্য করেছেন । তিনি বলেন যে- এই ঘটনা সত্যিই পীড়াদায়ক এবং তা প্রকাশ করার তাঁর ভাষা নেই । তিনি বলেন যে- ফোগত সত্যিই একজন চ্যাম্পিয়ন এবং তিনি প্রত্যেক ভারতীয়র জন্য গর্ব এবং প্রেরণার উৎস । তিনি ভারতীয় অলিম্পিক সংস্থার অধ্যক্ষ পি টি ঊষাকে এই খেলোয়াড়কে সহায়তা করার জন্যে কিধরণের বিকল্প ব্যবস্থা গ্রহণ করা যায়, সেবিষয়ে অবগত হবার আহ্বান জানান । তিনি আরো বলেন যে- ফোগত নিজের স্থিরতা ও ধৈর্য পূর্বের মতো অক্ষুন্ন রেখে প্রত্যাহ্বান গ্রহণ করবেন এবং ভারতীয়দের জন্য আদর্শ হয়ে রয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

ধলাই-র স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় কর্কট এফ সি ৩-০ গোলে বিশাল টিমকে পরাজিত করেছে । ধলাই-র বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে

আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় জামালপুর এফ সি খেলবে ইলেভেন ব্রাদার্স এফ সি-র বিরুদ্ধে ।

-----------------------------------------------------------------------------------আজ ২২ শে শ্রাবণ । বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবসে গান ,নাচ ,আবৃত্তি ইত্যাদি নানা অনুষ্ঠানের মাধ্যমে কবিগুরুকে স্মরন করা হচ্ছে । বরাক উপত্যকার তিন জেলায় ২২ শে শ্রাবণ উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতির পক্ষ থেকে আজ বঙ্গভবনে সকাল সাড়ে ৯ টায় কবিগুরুর প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা হয় । এছাড়া আজ সন্ধ্যায় শিলচর বঙ্গভবন প্রেক্ষাগৃহে সমকাল সাংস্কৃতিক সংস্থার পক্ষ থেকে রবীন্দ্র সন্ধ্যা শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।
সীমান্ত জেলা করিমগঞ্জেও আজ কবিগুরুকে স্মরণ করা হয়েছে । জেলার শম্ভুসাগর পার্কে নানা সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের কর্মকর্তারা কবিগুরুর প্রতিমূর্তিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।

অনুরূপভাবে হাইলাকান্দি জেলায়ও আজ নানা কার্যসূচীর মাধ্যমে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরকে স্মরণ করা হয় ।

----------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার তৃনমূল স্তরের স্বাস্থ্য পরিষেবার গুনগত মান সর্ম্পকে অবগত হতে আগামীকাল জেলার ৭৬টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে এ ভিজিট কার্য্যসূচী গ্রহন করা হয়েছে । ডিমা হাসাও জেলা স্বায়ত্ব শাসিত পরিষদের মূখ্য সচিব থাই তিসো দাওলাগপু আজ হাফলং-এ আয়োজিত সাংবাদিক সম্মেলনে জানান যে জেলার স্বাস্থ্য বিভাগের প্রবীন আধিকারীকরা আগামীকাল জেলার উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলি পরিদর্শন করে স্বাস্থ্য পরিকাঠামো , মানব সম্পদ , জনগনের অংশগ্রহন এবং গুনগত পরিষেবা প্রদানের বিষয়ে অবগত হবেন ।

----------------------------------------------------------------------------------

হাইলাকান্দির আবগারী বিভাগের আজ বিশেষ অভিযানে বৃহৎ পরিমানে মদ বাজেয়াপ্ত করেছে । হাইলাকান্দি শহরের হার্টবাটগঞ্জ বাজারে অভিযান চালিয়ে বিশাল পরিমানের বিদেশী মদ বাজেয়াপ্ত করা হয় । বাজেয়াপ্ত করা মদের বোতলগুলো মেঘালয়ে প্রস্তুত করা হয়েছে এবং চোরাই পথে আসামে সরবরাহ করা হয়েছে । অভিযানের সময় কার্তিক আচার্য্য নামের একজন মদ বিক্রেতাকে আবগারী বিভাগ আটক করেছে । আবগারী বিভাগের পরিদর্শক চন্দন বরগোহাই আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন যে

বাজেয়াপ্ত করা ১৩০ বোতল বিদেশী মদের বাজার মূল্য আনুমানিক তিন লক্ষ টাকা হবে ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের সুক্ষ , ক্ষুদ্র ও মাঝারী শিল্প বিভাগের শিলচর শাখার উদ্যোগে বিনামূল্যে সৌন্দর্য্য প্রশিক্ষন কর্মশালা চলতি মাসের শেষ সপ্তাহ থেকে শিলচরে শুরু হবে । ছয় সপ্তাহের এই কর্মশালায় উচ্চতর মাধ্যমিক উত্তীন এবং ১৮ বছরের উপরের মেয়েদের প্রশিক্ষন প্রদান করা হবে । ইচ্ছুক প্রার্থীদের আগামী ২০ অগাষ্টের মধ্যে শিলচর প্রথম লিংক রোড সংলগ্ন কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে । বিশদ বিবরনের জন্য ৯৪৩৫৫-৬৫৮৪৫ নম্বরে যোগাযোগ করা যাবে ।

---------------------------------------------------------------------------